



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ এপ্রিল ২০২৩

### ঈদের উপহার নিয়ে ২০০০ পরিবারের পাশে মেয়ার

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর উপহারসামগ্রী পেল ২০০০ দুষ্ট পরিবার। মেয়ারের হাত থেকে উপহার নিয়ে হাসিমুখে ঘরে ফিরেন হাজারো অসহায় মানুষ।

মঙ্গলবার কাউন্সিলর আবুল হাসনাত মোহাম্মদ বেলালের সহযোগিতায় এই উপহার বিতরণ করেন চসিক মেয়ার মো. রেজাউল করিম চৌধুরী। এসময় মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী কাউন্সিলর আবুল হাসনাত মোহাম্মদ বেলালের নেয়া এ মহতী উদ্যোগের প্রশংসা করে বলেন, ঈদের আনন্দ উদয়াপনে অভিবহন ব্যক্তিদের সহায়তার জন্য আমাদের এ প্রয়াস। আজকের এ মহতী উদ্যোগের সাথে সংশ্লিষ্ট কাউন্সিলরআবুল হাসনাত মোহাম্মদ বেলালসহ সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সাধারণ মানুষের পাশে বিত্তবানদের দাঁড়ানোর সর্বশ্রেষ্ঠ সময় এ সিয়াম সাধনার মাস রমজান। আশা করি অন্যরাও এই উদ্যোগে উৎসাহিত হয়ে অসহায় মানুষের পাশে দাঁড়াবেন। উপহার পেয়ে হাসিমুখে ঘরে ফেরা মানুষরা জানান, মেয়ারের দেয়া এই উপহার তাদের ঈদের আনন্দকে বাড়িয়ে দিয়েছে বহুগুণ। উপহার নিয়ে এগিয়ে আসায় তারা মেয়ারকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাউন্সিলর আবুল হাসনাত মোহাম্মদ বেলাল, শফিকুল ইসলাম ফারুক, বীর মুক্তিযোদ্ধা সিদ্দিক আহমেদ, শেখ দেলোয়ার হোসেন, আনজুমান আরা, বাবু সুরক্ত কুমার চৌধুরী, সাধন সিংহ, হাবিবুল আলম পেয়ারু, মিজানুর রহমান, তপন সিংহ, বিশ্বজিৎ চৌধুরী, সিমা আহমেদ, কুলসুম মজুমদার, কহিনুর আক্তার, কামরুন নাহার তারা।

### সাম্প্রদায়িক সম্প্রীতির বন্ধন দৃঢ় করার উৎসব হোক ঈদ : চসিক মেয়ার

স্বাধীনতাবিরোধীদের কর্ক্ষে দিয়ে ঈদ-উল-ফিতরকে সাম্প্রদায়িক সম্প্রীতির বন্ধন বৃদ্ধির উৎসবে পরিণত করার আহবান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়ার (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

ঈদের শুভেচ্ছা বার্তায় মেয়ার বলেন, এক মাস সিয়াম সাধনা আমাদের ধনী-দরিদ্রের ব্যবধান ভুলে সাম্যের সমাজ বিনির্মাণের শিক্ষা দেয়। শ্রেণীভেদে আর বৈষম্য ভুলে সমাজকে ঢেলে সাজানোর অনুপ্রেরণা যোগায় রমজান মাস। ঐতিহাসিকভাবেই ঈদ-উল-ফিতর ধর্মীয় ভেদাভেদ ভুলে সব ধর্মের মানুষদের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি বৃদ্ধির উৎসব হিসেবে স্বীকৃত।

তবে উদ্বেগের বিষয় হলো একাত্তরের পরাজিত শক্তি বিভিন্ন অপকৌশলে ব্যর্থ হয়ে এখন দেশের সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের জন্য নানা অপকৌশল, গুজব আর অপব্যাখ্যার আশ্রয় নিচ্ছে। এমনকি ‘ধর্ম যার যার, উৎসব সবার’ এই মহতী উক্তিটিরও অপব্যাখ্যা দাঁড় করিয়ে মানুষকে বিপ্রান্ত করছে পাকিস্তানের প্রেতাত্মার। তারা ধর্মীয় ভেদাভেদকে সামনে এনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বজ্জকঠিন ঐক্যবদ্ধ জাতিকে পরস্পর বিচ্ছিন্ন করার চেষ্টা করছে।

এ প্রেক্ষাপটে জাতির প্রতি আমার আহ্বান, একটি অসাম্প্রদায়িক রাষ্ট্র গড়ার প্রত্যাশায় আমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে স্বাধীন বাংলাদেশ গড়েছি। বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নের এক রোলমডেলে পরিণত হয়েছে। আমাদের সজাগ থাকতে হবে যাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় কোন বিচুতি যাতে না আসে। সাম্প্রদায়িক শক্তিকে নির্মূল করে আগামীর বাংলাদেশ হবে অসাম্প্রদায়িক, সাংস্কৃতিক বহুভূবাদী এবং উন্নত বাংলাদেশ এই হোক আমাদের শপথ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমেদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮